

রাবির ভর্তি পরীক্ষা শুরু ১৬ জানুয়ারি

রাবি প্রতিনিধি



ছবি: কালের কঠ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের

মাত্তক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী বছরের

জানুয়ারি মাসে শুরু হবে। ২০২৬ সালের ১৬ জানুয়ারি (শুক্রবার)

‘সি’ ইউনিটের (বিজ্ঞান) পরীক্ষার মধ্য দিয়ে শুরু হবে এই ভর্তি

পরীক্ষা। এবার রাজশাহীসহ দেশের মোট ছয়টি বিভাগীয় শহরে

এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। নতুন কেন্দ্র হিসেবে বরিশাল যোগ

হয়েছে।

আজ সোমবার (৬ অক্টোবর) দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন

ভবনের কনফারেন্স কক্ষে ভর্তি উপ-কমিটির সভায় এ সিদ্ধান্ত

নেওয়া হয়েছে। বিষয়টি জনসংযোগ দণ্ডের প্রশাসক অধ্যাপক

মো. আখতার হোসেন মজুমদার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে

জানানো হয়।



এনসিপি শাপলা প্রতীক নিয়ে নির্বাচনে অংশগ্রহণ করবে
: সারজিস

বিজ্ঞপ্তিতে বলা হয়, ১৬ জানুয়ারি (শুক্রবার) ‘সি’ ইউনিটের
(বিজ্ঞান) পরীক্ষার মধ্য দিয়ে ভর্তি পরীক্ষা শুরু হবে। এরপর ১৭
জানুয়ারি শনিবার ‘এ’ ইউনিটের (মানবিক) এবং সবশেষে ২৪
জানুয়ারি শনিবার ‘বি’ ইউনিটের (বাণিজ্য) পরীক্ষা নেওয়া হবে।

এতে আরো বলা হয়, প্রতিটি ইউনিটের পরীক্ষা দুটি শিফটে
অনুষ্ঠিত হবে; প্রথমটি সকাল ১১টা থেকে দুপুর ১২টা এবং
দ্বিতীয়টি দুপুর ৩টা থেকে বিকাল ৪টা পর্যন্ত।

এ ছাড়া ভর্তিচ্ছুদের সুবিধা বিবেচনায় আগের কেন্দ্রগুলোর সঙ্গে
নতুন একটি কেন্দ্র বরিশাল যোগ করা হয়েছে। এবার রাজশাহী,
ঢাকা, চট্টগ্রাম ও খুলনার পাশাপাশি রংপুর ও বরিশাল বিভাগীয়
শহরেও ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবেন শিক্ষার্থীরা।